

প্রকল্পের সংক্ষিপ্ত সার:

০১. প্রকল্পের নাম : 'চট্টগ্রাম এবং খুলনায় বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন ও আধুনিকীকরণ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প।

০২. প্রকল্পের উদ্দেশ্য : ক) চট্টগ্রাম ও খুলনা বিভাগের ভোক্তা সাধারণের জন্য মান সম্মত পণ্য নিশ্চিত করা।

খ) চট্টগ্রাম ও খুলনায় ১০-তলা ভিত্তিবিশিষ্ট ভবনের ৩য় তলা পর্যন্ত বিএসটিআই অফিস-কাম-ল্যাবরেটরি ভবন নির্মাণ বাস্তবায়ন এবং অবশিষ্ট ৪র্থ তলা হতে ১০ তলা পর্যন্ত ভবনের কাঠামোসহ ফিনিশিং কাজ সম্পন্ন করা।

গ) চট্টগ্রাম ও খুলনা বিভাগের বিএসটিআই'র ল্যাবরেটরির জন্য আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা।

০৩. প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি : জনস্বার্থে খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য নিরাপত্তা, পরিবেশ সুরক্ষা এবং দেশীয় শিল্প কারখানায় উৎপাদিত পণ্য সামগ্রীর গুণগত মান উন্নয়নের মাধ্যমে রপ্তানি বহুমুখীকরণ/বৃদ্ধি এবং বিএসটিআই'র কার্যক্রম আরো শক্তিশালীকরণের নিমিত্ত আধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাবরেটরি স্থাপন করা হবে। ফলে আন্তর্জাতিক বাজারে দেশীয় পণ্যের গ্রহণ যোগ্যতা বৃদ্ধি পাবে, আমদানি হ্রাস ও রপ্তানি বৃদ্ধির মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে।

০৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)

০৪. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়): ২৮২৯১.০০ লক্ষ টাকা (রাজস্ব ১৯৯৯.০০+মূলধন ২৬২৯২.০০)

০৫. প্রকল্পের মেয়াদ : জুলাই, ২০১৫ হতে জুন, ২০২১ পর্যন্ত

০৬. একনেক কর্তৃক অনুমোদনের তারিখ: ২৯ অক্টোবর, ২০১৫

০৭. মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশের তারিখ: ১৭ অক্টোবর, ২০১৬

০৮. প্রকল্পের ১ম সংশোধনের প্রশাসনিক আদেশের তারিখ: ০৩ সেপ্টেম্বর, ২০১৯
খিঃ

০৯. প্রকল্প পরিচালক নিয়োগের তারিখ : ২৪ নভেম্বর, ২০১৬

১০. প্রকল্প এলাকা

:

(ক) বিএসটিআই চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, আগ্রাবাদ,
চট্টগ্রাম।

জমির পরিমান : ১.৪৩ একর

(খ) বিএসটিআই খুলনা আঞ্চলিক কার্যালয়, খালিশপুর,
খুলনা

জমির পরিমান : ২.৫৬ একর

১১. নির্মাণ খাতে মোট বরাদ্দ : ১৬৯৮৭.৭০ লক্ষ টাকা

(১৫৫১৪.৬৮-২ = ৩১০২৯.৩৬ বর্গমিটার)

(খুলনা ৮৩৫৫.২১+ চট্টগ্রাম ৮৬৩২.৪৯) লক্ষ

টাকা

(জিওবি : ১১৯৪৩.৭ + নিজস্ব অর্থায়ন :

৫০৪৪.০০) লক্ষ টাকা

১২. যন্ত্রপাতি ক্রয় খাতে বরাদ্দ : ৮৪০৫.৩৯ লক্ষ টাকা (খুলনা-
২০১০.০১+চট্টগ্রাম ৬৩৯৫.৩৮)

১১। প্রকল্পের বর্তমান অগ্রগতি:

- (ক) খুলনা কেন্দ্রের ১ম তলা হতে ৩য় তলা পর্যন্ত সিভিল স্যানেটারি ও অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ শেষ হয়েছে। ফায়ার হাইড্রেন এবং ফলস্ সিলিং স্থাপনের কাজ শেষ পর্যায়ে। ১ম তলা হতে ৩য় তলা পর্যন্ত ভবন হস্তান্তর গ্রহণের প্রস্তুতি চলছে।
- (খ) খুলনা কেন্দ্রের ৪র্থ-১০তলা পর্যন্ত সিভিল ফিনিশিং কাজের NOA ৩০.১২.২০২০খ্রিঃ তারিখে প্রদান করা হয়। সে আলোকে ভবনের ৪র্থ তলা হতে ১০ম তলা পর্যন্ত পর্যায়ক্রমে ভিতরের কক্ষের ইটের গাঁথুনির কাজ চলছে।
- (গ) খুলনা কেন্দ্রের চলমান পূর্ত কাজের অগ্রগতি ৯৫%। ৪২.৬২ (বিয়াল্লিশ কোটি বাষট্টি লক্ষ) কোটি টাকা পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট ৪র্থ তলা হতে ১০ম তলা পর্যন্ত সিভিল, স্যানেটারি ও বৈদ্যুতিক কাজের অগ্রগতি ১০%।
- (ঘ) খুলনা কেন্দ্রের গবেষণাগার সরঞ্জামাদি আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ক্রয় করা হয়েছে; যা স্থাপনের কাজ প্রক্রিয়াধীন।
- (ঙ) চট্টগ্রাম কেন্দ্রের ৩টি লটে গবেষণাগার সরঞ্জামাদি আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ক্রয় শেষে পিএসসি সভার সিদ্ধান্ত মোতাবেক চট্টগ্রাম ও ঢাকা স্থাপনপূর্বক বিশ্লেষণমূলক কাজে ব্যবহার করা হচ্ছে।
- (চ) চট্টগ্রাম কেন্দ্রের চলমান পূর্ত কাজের অগ্রগতি ২৮%। [১২.০০ (বারো) কোটি টাকা পরিশোধ করা হয়েছে।
- (ছ) চট্টগ্রাম কেন্দ্রের নির্মাণকাজের জটিলতা নিরসনের নিমিত্ত পিডার্লিউডি এবং নির্বাচিত ঠিকাদারের প্রতিনিধিসহ বিএসটিআই'র মহাপরিচালক-এর সভাপতিত্বে গত ২৪.১১.২০২০ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। ঠিকাদারী প্রতিষ্ঠান একটি কর্ম-পরিকল্পনা তৈরি করে গত ১৫.১২.২০২০ খ্রিঃ তারিখে গণপূর্ত বিভাগ, চট্টগ্রাম বরাবর দাখিল করেছেন।
- (জ) চট্টগ্রাম কেন্দ্রের নির্মাণাধীন ভবনের মোট ৭৫টি কলামের মধ্যে ২৮টি কলাম ঢালাইয়ের কাজ সম্পূর্ণ হয়েছে এবং অবশিষ্ট কলাম কাস্টিং-এর কাজ চলছে। প্রতিদিন গড়ে ১৫-২০ জন শ্রমিক কাজ করছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত কর্ম-পরিকল্পনা অনুযায়ী পূর্ত কাজের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয়।

১২। বছরভিত্তিক সংস্থান, অবমুক্তি, ব্যয় ও অগ্রগতি:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	অনুমোদিত ডিপিপি'র সংস্থান	প্রাপ্ত বরাদ্দ (আরএডিপি) (লক্ষ টাকায়)	অবমুক্ত করণ	অর্থবছর অনুযায়ী প্রকৃত ব্যয়	ব্যয়ের শতকরা হার
২০১৬-১৭	৩২০০.০০	৬২৭.০০	৬২৭.০০	৫৬০.৭২	৮৯.৪৩%
২০১৭-১৮	১০০৫৩.৩১	২৫৬৫.০০	২৫৬৫.০০	২৫৫৪.৬১	৯৯.৫৯%
২০১৮-১৯	১০০৫৩.৩১	৪৮৫০.০০	৪৮৫০.০০	৪৫৯৭.২৫	৯৪.৭৯%
২০১৯-২০	১০২৯৯.২১	৩০২৭.০০	২৯০০.৯২	২৮০১.৩৭	৯২.৫৫%
২০২০-২১	১০২৩৯.১২	১৯২৮.০০	৫৫১.০৮	৫২৫.০৪ (ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত)	২৭.২৩%

১৩। ২০২০-২০২১ অর্থবছরের প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৭.২৩% এবং বাস্তব অগ্রগতি ২২.৫৫%।

১৪। প্রকল্পের শুরু থেকে ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি: ১১০৭৯.১১ (৩৯.১৬%) এবং বাস্তব অগ্রগতি ৪০.৫৯%।